

বঙ্গভবন ২৩ মার্চ ২০২২:

বাংলাদেশে নবনিযুক্ত ৯ টি দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ আজ রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে তাদের পরিচয়পত্র পেশ করেন।

বঙ্গভবনে পৌঁছুলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর একটি চৌকস দল তাদের গার্ড অব অনার প্রদান করে। নতুন দূতগণ হলেন:

এস্তোনিয়ার **Katrin Kivi**, আয়ারল্যান্ডের **Brendan Ward**, রুয়ান্ডার **Mukangira Jacqueline**, রোমানিয়ার **Daniela Mariana Sezonov-Tane**, মৌরিতানিয়ার **MD Ahmed Salem MD. Rara**, আর্জেন্টিনার **Hugo Javier Gobbi**, কাজাকিস্তানের **Nurlan Zhalgasbayev**, নাইজেরিয়ার **Ahmed Sule** এবং ডমিনিকান রিপাবলিকের **David Emmanuel Puig Buchel**.

নতুন দূতদেরকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আশা করেন দায়িত্ব পালনকালে তারা বাংলাদেশের সাথে নিজ নিজ দেশের সম্পর্ক উন্নয়নে কাজ করবেন। বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল মন্ত্র 'সকলের সাথে বন্ধুত্ব কারো সাথে বৈরিতা নয়' উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন বিশ্বের সকল দেশের সঙ্গে সম্পর্কোন্নয়নে গুরুত্ব দেয় বাংলাদেশ।

সাক্ষাৎকালে নতুন হাইকমিশনার ও রাষ্ট্রদূতগণ দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।